

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ।
shalla.sunamganj.gov.bd

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২১ উপলক্ষে পশুর হাট ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও দ্রুততম সময়ে কোরবানির বর্জ্য অপসারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আল-মুজাদির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ ও সময়ঃ ১৫/০৭/২০২১খ্রি., সময়ঃ বেলা ০২.৩০ ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) 'পরিশিষ্ট-ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি ঈদুল আযহা ২০২১ উপলক্ষে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৪৬.৪৬.৯০০০.০১১.১৩.০০৪.১৯-৮৯/১(১৩০) তারিখঃ ১৪ জুলাই ২০২১ খ্রিঃ মোতাবেক আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২১ উপলক্ষে কোরবানীর পশুর হাট, ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও দ্রুত সময়ে কোরবানি বর্জ্য অপসারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তিনি সরকারি হাট বাজার ব্যবস্থাপনা অনুসরণ পূর্বক পবিত্র ঈদুল আযহা ২০২১ উপলক্ষে অস্থায়ী কোরবানি পশুর হাট স্থাপনে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। সভাপতি বলেন, কোরবানি হাটে ক্রেতা বিক্রেতাগণ স্বাস্থ্য বিধি মেনে না চললে করোনা ভাইরাস সংক্রমন ব্যপক হারে ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। সভার সকলকে আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২১ সুই ও সুন্দর ভাবে স্বাস্থ্য বিধি মেনে উপদযাপনের লক্ষ্যে মতামত ও পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় স্বাস্থ্য বিধি মেনে পশুর হাট পরিচালনার বিষয়ে সভায় অংশ গ্রহনকারী সকলেই একমত পোষন করেন। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ইজারাদারগণ কর্তৃক হাটে আসা ক্রেতাদের জন্য প্রবেশ এবং বাহির হওয়ার জন্য পৃথক আগমন ও বহিগমন পথ রাখতে হবে। হাটে আসা ক্রেতা বিক্রেতাদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।
২. ক্রেতা এবং বিক্রেতা আবশ্যিক ভাবে মাস্ক পরিধান করতে হবে। মাস্ক ছাড়া কোন ভাবেই কেউ হাটে প্রবেশ করতে পারবেন না। এ বিষয়টি ইজারাদারগণ কর্তৃক নিশ্চিত করতে হবে। পাশাপাশি, সরকারি নির্দেশনা ও স্বাস্থ্য বিধি মানার জন্য হাটে ইজারাদারগণ কর্তৃক মাইকিং এর ব্যবস্থা করতে হবে।
৩. সকল হাটে প্রবেশ বহিগমন মুখে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে। সেখানে ইজারাদারগণ কর্তৃক পর্যাপ্ত পরিমাণ হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা করতে হবে।
৪. হাটে পর্যাপ্ত জীবানুনাশক ব্লিচিং পাউডার এর ব্যবস্থা থাকবে এবং নিয়মিত বিরতিতে হাট এলাকা জীবানু মুক্ত করতে হবে। পাশাপাশি ক্রেতা বিক্রেতা হাটে প্রবেশ এর মুখে তাপমাত্রা মাপার যন্ত্র ব্যবহার করতে হবে।
৫. শিশু, বয়স্ক, অসুস্থ ব্যক্তিগণ হাটে প্রবেশ করতে পারবেন না।
৬. একজন ক্রেতা সর্বোচ্চ একজনকে নিয়ে হাটে প্রবেশ করতে পারবেন।
৭. হাটে জরুরী চিকিৎসা প্রদানের জন্য চিকিৎসক এবং স্যানিটারী ইন্সপেক্টরের সমন্বয়ে গঠিত মেডিকেল টিম প্রস্তুত থাকবে। অসুস্থ গবাদী পশু সনাক্ত করনের জন্য ভেটেরিনারী সার্জন ব্যবস্থা গ্রহন করবেন।
৮. জাল নোট সনাক্ত করনের জন্য ব্যবস্থাপক সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংক শাল্লাকে জাল নোট সনাক্ত করনের জন্য বোধ প্রস্তুত রাখতে হবে এবং প্রয়োজনীয় সহযোগিতার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা শাল্লা থানার সাথে যোগাযোগ করতে হবে।
৯. হাট বা হাটকে কেন্দ্র কোন খাবার, চা পান বা সিগারেটের দোকান বসানো যাবে না।
১০. নির্দিষ্ট স্থান ব্যাতিত কোরবানির পশু জবেহ করা যাবে না। পশু জবেহের স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও কোরবানি পশুর বর্জ্য ২৪ ঘন্টার মধ্যে অপসারণ করতে হবে।
১১. আগামী ১৭/০৭/২০২১, ১৯/০৭/২০২১ ও ২০/০৭/২০২১ তারিখে শাল্লা উপজেলা সদরে বাহাড়া ইউনিয়নের অন্তর্গত অফিসার্স ক্লাব সংলগ্ন সরকারি ভূমিতে ০১টি ও আটগাঁও ইউনিয়নের অন্তর্গত উজানগাঁও কাওছার খেলার মাঠ সংলগ্ন সরকারি ভূমিতে ০১টি মোট ০২ টি অস্থায়ী পশুর হাট বসানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
১২. পশুর হাটে সার্বিক আইন শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক আইন শৃংখলা বাহিনী মোতায়েন করতে হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা শাল্লা থানা বিষয়টি নিশ্চিত করবেন।
১৩. কোরবানির পশুর হাটকে কেন্দ্র করে আইনশৃংখলার অবনতি হয় এমন কোন কর্মকান্ড করা যাবে না। সরকারি নির্দেশনা ও স্বাস্থ্য বিধি না মানলে ইজারা বাতিল করা হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আল-মুজাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং ০৫.৪৬.৯০৮৬.০০০.০৩.০১৩.১৬-২৫৫

তারিখ ১৫ জুলাই ২০২১খ্রিঃ।
৩১ আষাঢ় ১৪২৮ বাংলা

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থেঃ

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-০২
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫. উপজেলা অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
৬. অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ।
৭. চেয়ারম্যান, ইউ.পি(সকল), শাল্লা, সুনামগঞ্জ।
৮. অফিস কপি/ মাস্টার ফাইল।


(মোঃ আজ-মুজ্জাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।